

জরুরি

কার্যালয়

কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড

নিউমুরিং, চট্টগ্রাম

ফোনঃ ০২৩৩৩৪২৫০০-৩০ বর্ধিত ৬৭

ই-মেইলঃ csd@navy.mil.bd

আশ্বিন ১৪৩১

অক্টোবর ২০২৪

২৩.০২.১৫২৮.৫০১.৫৩.১২১.২৪.

৬৩২৬

২৪
০৯**দরপত্র আহবানের বিজ্ঞপ্তি****শর্তাবলী**

১। বিএন ডকইয়ার্ড এমটি ওয়ার্কশপ এর সার্বিক তত্ত্বাবধানে বাংলাদেশ নেভাল একাডেমি, এমটি পুল এর নিম্নে বর্ণিত কাজের জন্য যোগ্য ও উপযুক্ত মেরামতকারী প্রতিষ্ঠান সমূহের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

a. **Work Description.** 01 in no Pay Loader non operational due to fair wear and tear. Suspected pay loader engine and hydraulic system defective.

b. **Work To Be Done.** Pay Loader engine and hydraulic system to be repaired/ overhauled as necessary.

c. **Details of Pay Loader.**

- i) Name of equipment : Pay Loader
ii) Model : SEM-639B
iii) Country of origin : China
iv) Country of manufacture : China/Caterpillar

২। **কাজ সংক্রান্ত বিবরণ ও বিশেষ শর্তাবলী।** উক্ত Pay Loader এর মেরামত/নবায়ন এবং প্রয়োজনীয় কার্য সম্পাদনের জন্য শর্তাবলী নিম্নরূপঃ

ক। কোন আইটেম ও যন্ত্রাংশ OEM হতে সরবরাহের প্রয়োজন হলে উহার তালিকা এবং OEM কর্তৃক Authentication সনদ প্রদান করতে হবে। স্থানীয়ভাবে মেরামতের ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের দক্ষতা ও অভিজ্ঞতা সম্পর্কে বিস্তারিত বিবরণ/ সনদ দিতে হবে। বড় কোন অভিজ্ঞ ও নামকরা ব্যক্তি/প্রতিষ্ঠানের সাহায্য নেওয়া প্রয়োজন হলে তা উল্লেখ করতে হবে। উক্ত কাজের প্রকৃত অবস্থা নির্ণয়ের জন্য দরদাতাগণ সংশ্লিষ্ট আইটেম সরেজমিনে পর্যবেক্ষণ করে দরপ্রস্তাব দাখিল করবেন এবং এতদসংক্রান্ত ব্যয় সরবরাহকারী/মেরামতকারী প্রতিষ্ঠান বহন করবেন। উক্ত কাজে চাহিদা মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের সম্মতিক্রমে বিএন ডকইয়ার্ড কর্তৃক মেরামত কাজ বিশেষ করে সংযোজন/প্রতিস্থাপন কার্যে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করার সুযোগ থাকবে।

খ। উক্ত কাজটি নৌবাহিনীর চাহিদা/বিনির্দেশ মোতাবেক হতে হবে। দরপ্রস্তাবের অতিরিক্ত কোন যন্ত্রাংশ প্রয়োজন হলে মেরামতকারী কর্তৃক নিজ খরচে প্রদান করে আইটেমের সচলতা নিশ্চয়তা বিধান করতে হবে। উক্ত কাজ সম্পন্নের জন্য মেরামতকারীর নিজস্ব Work Shop এবং দক্ষ জনবল থাকতে হবে। অত্র সংস্থার পরিদর্শক টিম কর্তৃক মেরামতকারীর সক্ষমতা যাচাইয়ের ব্যবস্থা করতে হবে।

গ। যে সকল আইটেমসমূহ নবায়ন/ মেরামত করতে হবে তাদের প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশের তালিকা এবং খাতওয়ারি খরচের বিবরণসহ দরপ্রস্তাব প্রদান করতে হবে।

৩। **তত্ত্বাবধায়ক শপ/ ঘাঁটি/ জাহাজ।** উক্ত কাজ বিএন ডকইয়ার্ড এমটি ওয়ার্কশপ শপ এবং সংশ্লিষ্ট জাহাজ/ঘাঁটি এর সার্বিক তত্ত্বাবধানে সম্পাদন করতে হবে।

৪। **জনবলের শৃঙ্খলা ও নিরাপত্তা।** উক্ত কাজ সম্পাদনের সময় নিজস্ব সকল জনবলের সার্বিক শৃঙ্খলা ও নিরাপত্তা মেরামতকারী প্রতিষ্ঠান নিশ্চিত করবে।

৫। **কার্য সম্পন্নের সময়সীমা।** কার্যাদেশ গ্রহণের ৩০ দিনের মধ্যে উক্ত কাজ সম্পাদন করতে হবে (বাংলাদেশ নেভাল একাডেমি কার্যযাচন নং ৮৩২২৪০০০৩৮ তারিখ ২৮ সেপ্টেম্বর ২০২৪)। কার্যাদেশ গ্রহণের পর কাজ সম্পাদনে অহেতুক কালক্ষেপন বা অনাগ্রহ পরিলক্ষিত হলে কার্যাদেশ অত্র সংস্থা কর্তৃক বাতিল করা যেতে পারে।

৬। **কার্য সম্পাদন সনদ ও ডেলিভারি চালান।** দরদাতাকে মেরামত/নবায়ন কাজ সন্তোষজনকভাবে সম্পাদন শেষে সংশ্লিষ্ট জাহাজ/ঘাঁটি এর প্যাডে কার্যসম্পাদন সনদ/Work Completion Certificate গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট কাজে মালামাল সরবরাহ করা হলে মেরামতকারী প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে সংশ্লিষ্ট জাহাজ/ঘাঁটি কর্তৃক প্রতিস্বাক্ষরিত ডেলিভারি চালান প্রদান করতে হবে।

৭। **ওয়ারেন্টি।** দরদাতাকে মেরামত কাজ শেষে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে কার্যসম্পাদন/Work Completion এর তারিখ হতে পরবর্তী ০১ বছর পর্যন্ত ওয়ারেন্টি প্রদান করতে হবে। ওয়ারেন্টিকালীন মেরামতকৃত কাজের কোন ত্রুটি দেখা দিলে দরদাতা প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশসহ নিজ খরচে মেরামত কাজ সম্পাদন করতঃ বর্ণিত কাজ এর সচলতার টেষ্ট/ট্রায়াল সম্পাদন করবে।

